

১৯৯২

তারিখ 11 MAR 1992

পৃষ্ঠা... ৩ ... কলাম... ৪ ...

দৈনিক ইত্তেফাক

২৬

৩০

ক্যাম্পাসে ছাত্রলীগের দুই গ্রুপের গোলাগুলি অব্যাহত

ইত্তেফাক রিপোর্ট।। ক্যাম্পাসে সন্ত্রাসী তৎপরতা অব্যাহত রাখিয়াছে। গতকালও (মঙ্গলবার) বিহীনভাবে গুলি বর্ষিত হয়। বিভিন্ন হলে সাধারণ ছাত্র-ছাত্রীদের মধ্যে সন্ত্রাসের আতংক বৃদ্ধি পাইয়াছে। সোমবার সারারাত ধরিয়াজ্বরুল হক, জগন্নাথ, মোহসীন, সূর্যসেন হল এলাকায় ছাত্রলীগের (আ-অ) বিবদমান দুই গ্রুপের মধ্যে গোলাগুলি হয়। সকালে পরিস্থিতি কিছুটা শান্ত ছিল। কিন্তু দুপুরে ক্যাম্পাসের বিভিন্ন এলাকায় উত্তেজনা দেখা দেয়। সন্ধ্যায় টিএসসি'র সম্মুখে একদল তরুণ 'ধর ধর' বলিয়া চিৎকার শুরু করিলে কিছুক্ষণের জন্য এলাকায় উত্তেজনা বৃদ্ধি পায়। রাত সাড়ে ৮টায় কলাভবন সংলগ্ন 'মল' এলাকায় পর পর ৪/৫ রাউন্ড গুলি বর্ষিত হয়। (শেষ পৃঃ দুঃ)

ক্যাম্পাস

(১ম পৃঃ পর)

একজন ছাত্র নিজের হলের পরিস্থিতির বর্ণনা দিয়া বলেন, বহিরাগতদের আনাগোনা বৃদ্ধি পাইয়াছে। গেটরুম, টিভি রুম সর্বত্র বহিরাগতদের দাঁপট। রাতে শশত্রু তরুণেরা পাল্লা করিয়া হল গেটে প্রহরা বসায়। বিশ্ববিদ্যালয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তা বলেন, পরিস্থিতি বিস্ফোরণোন্মুখ। যে কোন মুহূর্তে অঘটন ঘটিতে পারে। তিনি নিরপেক্ষভাবে সন্ত্রাসীদের প্রেক্ষতার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি আহ্বান জানান।

ক্যাম্পাস পরিস্থিতিতে উদ্বেগ প্রকাশ করিয়া ছাত্রলীগ (আ-অ) বিবৃতিতে বলা হয়, ছাত্রলীগ হইতে বহিষ্কৃত বাদলের হত্যাকারীদের সাথে নিয়া ছাত্রদল ক্যাম্পাসে সন্ত্রাস শুরু করিয়াছে। বিবৃতিতে অবিলম্বে বাদলের হত্যাকারীদের প্রেক্ষতার ও বিচার দাবী করা হয়।

ছাত্র ফেডারেশন এক বিবৃতিতে বলিয়াছে, ছাত্রদল ও ছাত্রলীগের (আ-অ) সন্ত্রাসীরা ক্যাম্পাসে সন্ত্রাসী তৎপরতা অব্যাহত রাখিয়াছে। ফলে ছাত্র শিক্ষক কর্মচারীদের জীবন হুমকির সম্মুখীন। বিবৃতিতে অবিলম্বে ক্যাম্পাস হইতে সন্ত্রাসীদের প্রেক্ষতার দাবী করা হয়।

..... ১৫৫
..... ১৫৬